হে রুওয়াফা, হতে পারে তোমার হায়াত দীর্ঘ হবে। তুমি মানুষকে জানিয়ে দাও যে, যে তার দাঁড়িতে গিরা লাগায় অথবা গলায় পুঁথি জুলায় অথবা গোবর অথবা হাঁড় দ্বারায় পবিত্রতা অর্জন করে অবশ্যই মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার থেকে মুক্ত।

রুয়াইফা হতে বর্ণিত, তিনি বলেন, আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “হে রুওয়াফা, হতে পারে তোমার হায়াত দীর্ঘ হবে। তুমি মানুষকে জানিয়ে দাও যে,
যে তার দাঁড়িতে গিরা লাগায় অথবা গলায় পুঁথি জুলায় অথবা গোবর অথবা হাঁড় দ্বারায় পবিত্রতা অর্জন করে অবশ্যই মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার থেকে
মুক্ত”।
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানিয়ে দেন যে, এ সাহাবী দীর্ঘ জীবন লাভ করবেন। এমনকি সে এমন লোকদের দেখতে পাবে যারা রাসূলের আদর্শ দাঁড়ি লম্বা ও সম্মান করার বিপরীতে তা নিয়ে এমনভাবে তামাশা করবে যাতে রয়েছে অনারব, বিলাসী ও কুরুচিপূর্ণ লোকের সাদৃশ্য। অথবা তারা বিভিন্ন শিরকী উপকরণ ব্যবহারের মাধ্যমে তাওহীদের বিরোধিতা করবে, যেমন তারা গলায় মালা ঝুলাবে অথবা তাদের জন্তুগুলোকে পরাবে যাতে তাদেরকে ক্ষতি থেকে বাঁচাতে পারে। অথবা এ সব লোক এমন কর্ম করবে যা করতে তাদেরকে তাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন। যেমন তারা জন্তুর গোবর বা হাড্ডি দিয়ে পবিত্রতা অর্জন করবে। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবীকে অসিয়ত করেন যে, সে যেন উম্মতকে জানিয়ে দেয় যে, যারা এ ধরনের কোন কর্ম করবে নবী তার থেকে মুক্ত।

http://sunnah.global/hadeeth/bn/show/6764